# 2022

## PHILOSOPHY — GENERAL

**Paper : GE/CC-1**

**(Indian Epistemology and Metaphysics)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) ভারতীয় দর্শন সম্প্রদায়ের মধ্যে কারা প্রত্যক্ষকে একমাত্র প্রমাণ বলে স্বীকার করেন?

(অ) চার্বাক (আ) বৌদ্ধ

(ই) ন্যায় (ঈ) বৈশেষিক।

(খ) ন্যায়দর্শনে স্বীকৃত প্রমাণের সংখ্যা হল

(অ) এক (আ) দুই

(ই) তিন (ঈ) চার।

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

(গ) বেদান্তসূত্রের রচয়িতা হলেন

(অ) শঙ্করাচার্য (আ) মহর্ষি বাদরায়ণ

(ই) মহর্ষি জৈমিনি (ঈ) রামানুজ।

(ঘ) বৈশেষিক মতে পদার্থ কয় প্রকার?

(অ) পাঁচ (আ) ছয়

(ই) সাত (ঈ) আট।

(ঙ) ঘটের রূপ প্রত্যক্ষে কোন প্রকার সন্নিকর্ষের প্রয়োজন?

(অ) সংযোগ (আ) সংযুক্ত সমবায়

(ই) সংযুক্ত সমবেত সমবায় (ঈ) সমবায়।

(চ) বৈশেষিক মতে ধ্বংসাভাবের

(অ) আদি আছে অন্ত নেই (আ) অন্ত আছে আদি নেই

(ই) আদি ও অন্ত উভয়ই আছে (ঈ) কোনোটিই নয়।

(ছ) নিম্নলিখিত সামান্যগুলির মধ্যে কোনটি পর সামান্য?

(অ) দ্রব্যত্ব (আ) ঘটত্ব

(ই) সত্তা (ঈ) কোনোটিই নয়।

(জ) 'ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা'— এই মতটি কার?

(অ) শঙ্করাচার্য (আ) রামানুজ

(ই) মহর্ষি কপিল (ঈ) মহর্ষি গৌতম।

(ঝ) ন্যায়মতে হেতু ও সাধ্যের নিয়ত সাহচর্য হল

(অ) পক্ষধর্মতা (আ) পরামর্শ

(ই) ব্যাপ্তি (ঈ) কোনোটিই নয়।

(ঞ) পঞ্চাবয়বী ন্যায়ের কোন অবয়বকে 'নিগমন' বলা হয়?

(অ) দ্বিতীয় (আ) তৃতীয়

(ই) চতুর্থ (ঈ) পঞ্চম।

MURALIDH... COLLEGE LIBRARY

(ট) ন্যায়মতে পক্ষধর্মতা জ্ঞান হল

(অ) পক্ষে সাধ্যের সম্বন্ধের জ্ঞান (আ) পক্ষে হেতুর উপস্থিতির জ্ঞান

(ই) হেতু ও সাধ্যের সম্বন্ধের জ্ঞান (ঈ) কোনোটিই নয়।

(ঠ) শঙ্করাচার্যের মতে জগৎ হল

(অ) প্রাতিভাসিক সৎ (আ) পারমার্থিক সৎ

(ই) ব্যাবহারিক সৎ (ঈ) কোনোটিই নয়।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (*যে-কোনো পাঁচটি*)ঃ ৫×৫

(ক) চার্বাকগণ শব্দের স্বতন্ত্র প্রামাণ্য কীভাবে খণ্ডন করেন?

(খ) ন্যায়মতে নির্বিকল্পক ও সবিকল্পক প্রত্যক্ষের মধ্যে পার্থক্য দেখাও।

(গ) একট পঞ্চাবয়বী ন্যায় গঠন করে তার প্রতিটি অবয়ব নির্দেশ করো।

(ঘ) বৈশেষিক মতে সামান্যের প্রকারভেদগুলি কী কী? দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঙ) বৈশেষিকগণ বিশেষ নামক স্বতন্ত্র পদার্থ স্বীকার করেছেন কেন?

(চ) কর্মের বিভিন্ন প্রকারগুলি উল্লেখ করো ও প্রতিটির ব্যাখ্যা করো।

(ছ) অদ্বৈত বেদান্ত মতে ব্রহ্মের স্বরূপ লক্ষণ ও তটস্থ লক্ষণ আলোচনা করো।

(জ) শংকরাচার্যের মতে, জগৎ কী অর্থে মিথ্যা?

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) কীভাবে চার্বাকগণ অনুমানকে স্বতন্ত্র প্রমাণরূপে খণ্ডন করেন? এই মত কি গ্রহণযোগ্য? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০+৫

(খ) ন্যায়মত অনুসারে ব্যাপ্তির লক্ষণ দাও, ব্যাপ্তিগ্রহের উপায় কী? আলোচনা করো। ৫+১০

(গ) বৈশেষিক স্বীকৃত অভাবের প্রকারভেদগুলি উদাহরণসহ আলোচনা করো। ১৫

(ঘ) অদ্বৈত বেদান্তমত অনুসরণ করে মায়ার স্বরূপ আলোচনা করো। ১৫

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) Which school of Indian philosophy accepts perception as the only source of knowledge?

(i) Cārvāka (ii) Bauddha

(iii) Nyāya (iv) Vaiśeṣika.

(b) The number of pramānas accepted by Nyāya philosophy is

(i) one (ii) two

(iii) three (iv) four.

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

(c) The author of 'Vedāntasūtra' is

(i) Śaṁkarācārya (ii) Maharshi Bādarāyan

(iii) Maharshi Jaimini (iv) Rāmānuja.

(d) How many *padārthas* (categories) are accepted by Vaiśeṣikas?

(i) five (ii) six

(iii) seven (iv) eight.

(e) Which operative relation is involved in the perception of the colour of the jar?

(i) *saṁyoga* (ii) *saṁyukta samavāya*

(iii) *saṁyukta samaveta samavāya* (iv) *samavāya*.

(f) According to the Vaiśeṣikas, *dhvaṁsābhāva* has

(i) beginning but not end (ii) end but not beginning

(iii) both beginning and end (iv) none of these.

(g) Which one of the following is a *para sāmānya*?

(i) *dravyatva* (ii) *ghataṭva* (Jar-ness)

(iii) *sattā* (Being-hood) (iv) none of these.

(h) '*Brahman satya, Jagat mithyā*'— whose view is this?

(i) Śaṁkarācārya (ii) Rāmānuja

(iii) Maharshi Kapil (iv) Maharshi Gautam.

(i) According to Nyāya the invariable concomitance between the hetu and the sādhya is called

(i) *pakṣadharmatā* (ii) *parāmarśa*

(iii) *vyāpti* (iv) none of these.

(j) Which constituent (*avayava*) of five membered syllogism is called *nigamana*?

(i) second (ii) Third

(iii) fourth (iv) fifth.

MURALIDHAR GIRLS' COLLEGE LIBRARY

(k) *Pakṣadharmatā*, in *Nyāya* philosphy, is

(i) the knowledge of the relation of *sādhya* in *pakṣa*

(ii) the knowledge of the presence of *hetu* in *pakṣa*

(iii) the knowledge of the relation between *hetu* and *sādhya*

(iv) none of the above.

(l) According to Śaṁkarācārya, jagat is

(i) *prātibhāsika sat* (ii) *pāramārthika sat*

(iii) *vyāvahārika sat* (iv) none of these.

**2.** Answer in brief (***any five***) : 5×5

(a) How do the Cārvākas refute testimony as a distinct source of valid knowledge?

(b) Distinguish between indeterminate and determinate perception following *Nyāya*.

(c) Indicate the five *avayavas* after constructing a five-membered syllogism.

(d) Explain with examples the different types of *sāmānya* according to Vaiśeṣikas.

(e) Why do the Vaiśeṣikas accept *viśeṣa* as an independent category?

(f) Mention the different kinds of *karma* and explain each of them.

(g) Discuss the *svarūpa lakṣana* and *tatastha lakṣana* of Brahman according to Advaita vedānta.

(h) In which sense is the world illusory (*mithyā*) according to Śaṃkarācārya?

3. Answer ***any two*** questions :

(a) On what grounds do the Cārvākas refute anumāna (inference) as a distinct *pramāna*? Is this view acceptable? Give reasons in support of your answer. 10+5

(b) Define *vyāpti* after Nyāya. How is *vyāpti* ascertained? Discuss. 5+10

(c) Explain with examples different kinds of *abhāva* admitted by the *Vaiśesika*-s. 15

(d) Discuss the doctrine of *māyā* according to Advaita Vedānta. 15

---

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY